তারিখ 19 AUG 2016
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

যুগান্তর

# পাসে মেয়েরা জিপিএ-৫ এ এগিয়ে ছেলেরা

যুগান্তর রিপোর্ট

চলতি বছরের এইচএসসি ও সমমানের পরীক্ষার ফলাফলে পাসের হারের দিক থেকে ছেলেদের তুলনায় মেয়েরা এগিয়ে রয়েছে। তবে মেধার সর্বোচ্চ মান জিপিএ-৫ পাওয়ার ক্ষেত্রে মেয়েদের তুলনায় এগিয়ে রয়েছে ছেলেরা।

বৃহস্পতিবার প্রকাশিত ফল বিশ্লেষণে এ চিত্র পাওয়া গেছে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, এবার পাসের হারে মেয়েরা এগিয়ে আছে। সমাজের জন্য এটা একটা মৌলিক পরিবর্তনের আভাস। যা সমাজকে এগিয়ে নেবে। সমান সুযোগ নিশ্চিত করলে মেয়েরা সমাজ গঠনে যে ভূমিকা রাখতে পারে এ ফল তারই প্রমাণ। এ বছর মোট ১২ লাখ ৩ হাজার ৬৪০ জন পরীক্ষার্থী

■ পৃষ্ঠা ১৮ : কলাম ৪

## পাসে মেয়েরা জিপিএ-৫ এ এগিয়ে ছেলেরা

(১ম পৃষ্ঠার পর)

পরীক্ষা দিয়েছে। এর মধ্যে উত্তীর্ণ হয়েছে ৮ লাখ ৯৯ হাজার ১৫০ জন। গত বছরের তুলনায় এবার ১ লাখ ৬০ হাজার ৬১৪ জন পরীক্ষার্থী বেশি পাস করেছে। পরীক্ষায় অংশ নেয়াদের মধ্যে ছাত্র ৬ লাখ ৪৫ হাজার ৭৯৮ জন এবং ছাত্রী ৫ লাখ ৫৭ হাজার ৮৪২ জন। ছেলেদের পাসের হার ৭৩ দশমিক ৯৩ শতাংশ ও মেয়েদের পাসের হার ৭৫ দশমিক ৬০ শতাংশ। জিপিএ-৫ পেয়েছে ৫৮ হাজার ২৭৬ জন। এর মধ্যে ৩২ হাজার ৩৮১ জন ছাত্র ও ২৫ হাজার ৮৯৫ জন ছাত্রী। গণভবনে ফল ঘোষণার আগে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, মেয়েরা এগিয়ে যাচ্ছে। ছেলেদের পেছনে পড়ে থাকলে চলবে না। তাদের আরও পড়াশোনায় মনোযোগী হতে হবে।